# নিত্য প্রয়োজনীয় পণ্যের বাজার মূল্য পরিস্থিতির মাসিক প্রতিবেদন

## মাসের নামঃ নভেম্বর, ২০১৮খ্রিঃ

**ফসলের নামঃ চাল, গম, আটা ও ভুট্টাঃ**

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সংকলিত জাতীয় গড় বাজারদর তথ্য অনুযায়ী নভেম্বর-২০১৮ মাসে চাল,গম,আটা ও ভুট্টা-র বাজারদর ভিত্তিক পর্যবেক্ষণ প্রতিবেদন নিম্নরূপঃ

**১। বাজারদর হ্রাস/বৃদ্ধি পরিস্থিতিঃ**

নভেম্বর-২০১৮ মাসে জেলা অফিসসমূহ হতে প্রাপ্ত সাপ্তাহান্তিক বাজারদর বুলেটিন কৃষি বিপণন অধিদপ্তরের সদর দপ্তরে সংকলন করা হয়েছে। সংকলিত উক্ত বাজারদর তথ্যের মাধ্যমে চাল, গম ,আটা ও ভুট্টার প্রাপ্ত জাতীয় গড় বাজারদর অক্টোবর/ ২০১৮ মাসের বাজারদরের সাথে তুলনামূলকভাবে নিম্ন সারণীতে দেখানো হলোঃ

সারণী - ক (মূল্য টাকায়)

| ফসল | নভেম্বর/১৮ মাসের গড় বাজারদর | | অক্টোবর/১৮ মাসের গড় বাজারদর | | এক মাসের ব্যবধানে দামের হ্রাস/বৃদ্ধি | | শতকরা হারে দামের হ্রাস/বৃদ্ধি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | পাইকারী (প্রতি কুইন্টাল) | খুচরা (প্রতি কেজি) | পাইকারী (প্রতি কুইন্টাল) | খুচরা (প্রতি কেজি) | পাইকারী (প্রতি কুইন্টাল) | খুচরা (প্রতি কেজি) | কুইন্টালে | কেজিতে |
| **মোটা চাল** | ৩১২৫ | ৩৩.৬১ | ৩২৪৭ | ৩৪.৮৩ | **-১২২** | **-১.২২** | **-৩.৭৬%** | **-৩.৫০%** |
| **মাঝারী চাল** | ৩৭৩৬ | ৩৯.৮৬ | ৩৮১৮ | ৪০.৬৬ | **-৮২** | **-০.৮০** | **-২.১৫%** | **-১.৯৭%** |
| **সরু চাল** | ৪৮৩৩ | ৫১.১০ | ৪৯৪১ | ৫২.১৮ | **-১০৮** | **-১.০৮** | **-২.১৯%** | **-২.০৭%** |
| **গম** | ২৪৪০ | ২৬.৯৫ | ২৪২৬ | ২৬.৮১ | **১৪** | **০.১৪** | **০.৫৮%** | **০.৫২%** |
| **আটা** | ২৪৩৬ | ২৬.৮৮ | ২৪০৩ | ২৬.৫৮ | **৩৩** | **০.৩০** | **১.৩৭%** | **১.১৩%** |
| **ভুট্টা** | ১৮৩৪ | ২১.৩০ | ১৭৯৩ | ২১.০৭ | **৪১** | **০.২৩** | **২.২৯%** | **১.০৯%** |

উপরোক্ত বাজারদর সারণীতে দেখা যায়, অক্টোবর-২০১৮ মাসের তুলনায় নভেম্বর-২০১৮ মাসে সকল প্রকার চাল এর পাইকারী ও খুচরা দাম উভয়ই সামান্য হ্রাস পেয়েছে। তবে গম, আটা খোলা ও ভূট্রা এর পাইকারী ও খুচরা দাম উভয়ই সামান্য বৃদ্ধি পেয়েছে।

সারণী অনুযায়ী এক মাসের ব্যবধানে মোটা, মাঝারি ও সরু চালের পাইকারী গড় দাম কুইণ্টাল প্রতি যথাক্রমে ১২২/-, ৮২/- ও ১০৮/- টাকা এবং খুচরা গড় দাম কেজি প্রতি যথাক্রমে ১.২২/-, ০.৮০/-ও ১.০৮/- টাকা হ্রাস পেয়েছে। নভেম্বর/ ২০১৮ মাসে গমের পাইকারী গড় দাম কুইণ্টাল প্রতি ১৪/- টাকা এবং খুচরা গড় দাম কেজি প্রতি ০.১৪/-টাকা বৃদ্ধি পেয়েছে । নভেম্বর/২০১৮ মাসে আটার পাইকারী গড় দাম কুইন্টাল প্রতি ৩৩/- টাকা এবং খুচরা গড় দাম কেজি প্রতি ০.৩০/- টাকা বৃদ্ধি পেয়েছে । নভেম্বর/২০১৮ মাসে ভূট্রার পাইকারী ও খুচরা গড় দাম সামান্য বৃদ্ধি পেয়েছে। ভূট্টার পাইকারী গড় দাম কুইণ্টাল প্রতি বৃদ্ধি পেয়েছে ৪১/- টাকা এবং খুচরা গড় দাম কেজি প্রতি বৃদ্ধি পেয়েছে ০.২৩/- টাকা ।

নভেম্বর/২০১৮ মাসে উপর্যূক্ত ফসলগুলোর বাজারদর পরিবর্তনের চিত্র একনজরে দেখা যায়। গ্রাফে বাজারদর পরিবর্তনের চিত্র নিম্নরূপঃ

পাইকারী হিসেবে প্রতি কুইন্টালের বাজারদর




খুচরা হিসেবে প্রতি কেজির বাজারদর




নভেম্বর/২০১৮ মাসের বাজারদর পরিস্থিতি পর্যালোচনায় বিগত বছরগুলোর সাথে চলতি বছরের নভেম্বর/২০১৮ মাসের বাজারদর তুলনা করা যেতে পারে। সুতরাং নভেম্বর/২০১৭ মাসের গড় বাজারদরকে কেন্দ্রবিন্দু ধরে ০৫ বছরের গড় বাজারদর তথ্য নিম্নে দেখানো হলোঃ

**সারণী- খ** ( প্রতি কুইন্টালের পাইকারী ভিত্তিতে জাতীয় গড় বাজার দর)

| মাস / ফসল | নভেম্বর/১৪ | নভেম্বর-১৫ | নভেম্বর-১৬ | নভেম্বর-১৭ | নভেম্বর-১৮ |
|---|---|---|---|---|---|
| **মোটা চাল** | ৩১১৩ | ২৪৯১ | ৩২৯৯ | ৩৭৬৪ | ৩১২৫ |
| **মাঝারী চাল** | ৩৬৫১ | ৩২০৩ | ৩৭৪০ | ৪৫৯৮ | ৩৪৩৬ |
| **সরু চাল** | ৪৪১১ | ৪০০২ | ৪৪০০ | ৫৪৮৪ | ৪৮৩৩ |
| **লাল গম** | ২২৭৬ | ২০৮৮ | ২০০৪ | ২৩৬৪ | ২৪৪০ |
| **খোলা আটা** | ২৬৬৩ | ২৩৪৫ | ২১৩৭ | ২৪৬০ | ২৪৩৬ |
| **ভুট্টা** | ১৫৬২ | ১৮১০ | ১৬২০ | ১৮১২ | ১৮৩৪ |

তথ্যসূত্রঃ বাজার তথ্য পরিসংখ্যান, ডিএএম

**সারণী - গ** ( প্রতি কেজির খুচরা দামের ভিত্তিতে জাতীয় গড় বাজার দর)

| মাস / ফসল | নভেম্বর/১৪ | নভেম্বর-১৫ | নভেম্বর-১৬ | নভেম্বর-১৭ | নভেম্বর-১৮ |
|---|---|---|---|---|---|
| **মোটা চাল** | ৩৩.১৭ | ২৭.২৮ | ৩৫.১০ | ৩৯.৯১ | ৩৩.৬১ |
| **মাঝারী চাল** | ৩৮.৭৫ | ৩৪.৪২ | ৩৯.৮৫ | ৪৮.৩৫ | ৩৯.৮৬ |
| **সরু চাল** | ৪৬.৫২ | ৪২.৮৩ | ৪৬.৬১ | ৫৭.৪৬ | ৫১.১০ |
| **লাল গম** | ২৪.৭৫ | ২৩.২৫ | ২২.০০ | ২৬.৪৮ | ২৬.৯৫ |
| **খোলা আটা** | ২৯.২১ | ২৬.১২ | ২৩.৭৬ | ২৭.৩১ | ২৬.৮৮ |
| **ভুট্টা** | ১৯.৫০ | ২১.৪৭ | ১৯.৪১ | ২১.০৪ | ২১.৩০ |

০৫ বছরের একই সময়ের অর্থাৎ নভেম্বর/২০১৮ মাসের বাজারদর তথ্যের তুলনামূলক উপস্থাপন চালের বাজারদর হ্রাস-বৃদ্ধির পরিমান দেখতে সাহায্য করবে।

◈ **নিম্নে তুলনামূলক বাজারদর-এর গ্রাফিক উপস্থাপন করা হলোঃ**




 গ্রাফে ৫ বছরের নভেম্বর মাসের তুলনায় ২০১৮ সালের নভেম্বর মাসে মোটা, মাঝারি ও সরু চালের বাজারদরের হ্রাস-বৃদ্ধির হার দেখানো হয়েছে। নভেম্বর, ২০১৮ সালে সকল প্রকার চালের পাইকারী বাজার দর হ্রাস পেয়েছে।




 গ্রাফে ৫ বছরের নভেম্বর মাসের তুলনায় ২০১৮ সালের নভেম্বর মাসে মোটা, মাঝারি ও সরু চালের বাজারদরের হ্রাস-বৃদ্ধির হার দেখানো হয়েছে। নভেম্বর, ২০১৮ সালে সকল প্রকার চালের খুচরা বাজার দর হ্রাস পেয়েছে।

## ২। বাজারদর প্রবনতাঃ

➤ কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সংকলিত গত ০৬ মাসে চাল, গম, আটা ও ভুট্টা ফসলের জাতীয় গড় বাজারদর চিত্র নিম্নরূপঃ

সারনী -গ (প্রতি কুইন্টালের পাইকারী গড় বাজারদর)

| পণ্য | বিবরণ | জুন/ ১৮ | জুলাই/ ১৮ | আগষ্ট/ ১৮ | সেপ্টেম্বর/ ১৮ | অক্টোবর/ ১৮ | নভেম্বর/ ১৮ | |
|---|---|---|---|---|---|---|---|---|
| চাল | মোটা | ৩৪৪৫ | ৩৪৭৭ | ৩৪১৯ | ৩৩৭৬ | ৩২৪৭ | ৩১২৫ | • এক মাসের ব্যবধানে লাল গমে কুইণ্টাল প্রতি মূল্য বৃদ্ধি পেয়েছে ১৪/- টাকা |
| | মাঝারী | ৪০৭২ | ৪০৮০ | ৩৯৯৮ | ৩৯৪৬ | ৩৮১৮ | ৩৭৩৬ | |
| | সরু | ৫১০৯ | ৫১১৯ | ৫০৬৫ | ৫০৪৬ | ৪৯৪১ | ৪৮৩৩ | • নভেম্বর/২০১৮ সালে খোলা আটায় কুইণ্টাল প্রতি মূল্য ৩৩/-টাকা বৃদ্ধি পেয়েছে। |
| গম | লাল | ২২৮৬ | ২২৯১ | ২৩১৪ | ২৩৮৭ | ২৪২৬ | ২৪৪০ | |
| আটা | খোলা | ২২৯৪ | ২২৮১ | ২৩০৫ | ২৩৯৮ | ২৪০৩ | ২৪৩৬ | |
| ভুট্টা | রবি | ১৮০৮ | ১৭৫২ | ১৭৪২ | ১৮১৪ | ১৭৯৩ | ১৮৩৪ | |

সারনী -ঘ (প্রতি কেজির খুচরা গড় বাজারদর)

| পণ্য | বিবরণ | জুন/ ১৮ | জুলাই/ ১৮ | আগষ্ট/ ১৮ | সেপ্টেম্বর/ ১৮ | অক্টোবর/ ১৮ | নভেম্বর/ ১৮ |
|---|---|---|---|---|---|---|---|
| চাল | মোটা | ৩৬.৬৮ | ৩৭.০৮ | ৩৬.৪৯ | ৩৬.৩২ | ৩৪.৮৩ | ৩৩.৬১ |
| | মাঝারী | ৪৩.২৩ | ৪৩.৩৫ | ৪২.৫২ | ৪২.০২ | ৪০.৬৬ | ৩৯.৮৬ |
| | সরু | ৫৩.৭৫ | ৫৩.৮০ | ৫৩.৩৯ | ৫৩.২৭ | ৫২.১৮ | ৫১.১০ |
| গম | লাল | ২৫.২০ | ২৫.৩০ | ২৫.৬১ | ২৬.৩০ | ২৬.৮১ | ২৬.৯৫ |
| আটা | খোলা | ২৫.৪৪ | ২৫.৩১ | ২৫.৪৮ | ২৬.৫০ | ২৬.৫৮ | ২৬.৮৮ |
| ভুট্টা | রবি | ২১.৩৮ | ২১.১৫ | ২০.৬৩ | ২১.২২ | ২১.০৭ | ২১.৩০ |

- এক মাসের ব্যবধানে লাল গম কেজি প্রতি খুচরা মূল্য ০.১৪/- টাকা বৃদ্ধি পেয়েছে।
- নভেম্বর/২০১৮ সালে খোলা আটায় কেজি প্রতি খুচরা মূল্য ০.৩০/-টাকা বৃদ্ধি পেয়েছে।

➢ নিম্নে গ্রাফে চালের দর এর হ্রাস ও বৃদ্ধির গতি দেখানো হলোঃ

জুন/১৮ হতে নভেম্বর/১৮ মাসে চালের পাইকারী দর এর হ্রাস-বৃদ্ধির চিত্র




জুন/১৮ হতে নভেম্বর/১৮ মাসে চালের খুচরা দর এর হ্রাস-বৃদ্ধির চিত্র




➢ নিম্নে গ্রাফে গম, আটা ও ভুট্টার দর এর হ্রাস ও বৃদ্ধির গতি দেখানো হলোঃ

জুন/১৮ হতে নভেম্বর/১৮ মাসে গম,-আটা ও ভুট্টার পাইকারী দর এর হ্রাস-বৃদ্ধির চিত্র




জুন/১৮ হতে নভেম্বর/১৮ মাসে গম,-আটা ও ভুট্টার খুচরা দর এর হ্রাস-বৃদ্ধির চিত্র



নভেম্বর/১৮ ও অক্টোবর /১৮ মাসের উপর্যুক্ত তুলনামূলক বাজারদর সারণী ও গ্রাফে প্রতিফলিত হয় যে, অক্টোবর/১৮ মাসের তুলনায় নভেম্বর/১৮ মাসে চাল মোটা, মাঝারি ও সরু এর পাইকারী ও খুচরা গড় দাম উভয়ই সামান্য হ্রাস পেয়েছে। তবে গম, আটা খোলা ও ভূট্টা এর পাইকারী ও খুচরা গড় দাম উভয়ই সামান্য বৃদ্ধি পেয়েছে।

## ৩। চাল এর আমদানির তুলনামূলক হালচিত্রঃ

| চাল | নভেম্বর/২০১৭ মাসে আমদানির পরিমান (মেঃ টনে) ০০০ | নভেম্বর/২০১৮ মাসে আমদানির পরিমান (মেঃ টনে) ০০০ |
|---|---|---|
| সরকারী পর্যায়ে | ৪৩১.৫০ | ৪৯.৩০ |
| বেসরকারী পর্যায়ে | ১৬০৯.৭০ | ৫৭.৩০ |
| মোট = | ২০৪১.২০ | ১০৬.৬০ |

**তথ্য সূত্রঃ এফ পি এম ইউ**

➢ **চাল এর আমদানির তুলনামূলক চিত্র**




➢ **গম এর আমদানির তুলনামূলক হালচিত্রঃ**

| গম | নভেম্বর/২০১৭ মাসে আমদানির পরিমান (মেঃ টনে) ০০০ | নভেম্বর/২০১৮ মাসে আমদানির পরিমান (মেঃ টনে) ০০০ |
|---|---|---|
| সরকারী পর্যায়ে | ১৬৯.২০ | ১৬৭.৭০ |
| বেসরকারী পর্যায়ে | ৩০২২.৪০ | ২২১৫.৭০ |
| মোট = | ৩১৯১.৬০ | ২৩৮৩.৪০ |

**তথ্য সূত্রঃ- এফ পি এম ইউ।**

➢ **গম এর আমদানির তুলনামূলক চিত্র**



## ৪। চাল ও গমের তুলনামূলক আন্তর্জাতিক বাজারদর এর হালচিত্রঃ

| চাল(সাদা, থাই ১০০% বি গ্রেড | | হ্রাস-বৃদ্ধি (%) | গম (SRW-২) | | হ্রাস-বৃদ্ধি (%) |
|---|---|---|---|---|---|
| নভেম্বর/২০১৭ | নভেম্বর/ ২০১৮ | | নভেম্বর/২০১৭ | নভেম্বর/২০১৮ | |
| ৩৭৫.০০ | ৩৭৫.০০ | ০ % | ১৯০.০০ | ২৩৮.০০ | ২৫.২৬% |

**তথ্য সূত্রঃ** International Commodity Prices (CIWP).

**পর্যালোচনাঃ**

**চালঃ** নভেম্বর/২০১৭ মাসের তুলনায় চলতি বছর নভেম্বর/২০১৮ মাসে চালের আন্তর্জাতিক বাজার মূল্য অপরিবর্তীত রয়েছে।

**গমঃ** নভেম্বর/২০১৭ বছরের তুলনায় চলতি বছর নভেম্বর /২০১৮ মাসে গমের আন্তর্জাতিক বাজার মূল্য বৃদ্ধি পেয়েছে । যা শতকরা হিসেবে ২৫.২৬% মূল্য বৃদ্ধি পেয়েছে ।

## ৫ । বাজারদর নিয়ন্ত্রিত পর্যায়ে রাখার সম্ভাব্য সুপারিশঃ

আভ্যন্তরীন বাজারে গম-আটার বাজারদর-এ বৃদ্ধির প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। এ পরিস্থিতিতে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা গেলে বাজার পরিস্থিতি কৃষক ভোক্তার সহায়ক হবে।

- কৃষকদের জন্য স্বল্প সুদে ও সহজ শর্তে ব্যাংক ঋণের ব্যবস্থা গ্রহন।
- মৌসুমে স্বল্প মূল্যে কৃষি পণ্য বিক্রয়ের (Distress Sale) মাধ্যমে কৃষকরা যাতে ক্ষতির স্বীকার না হন সেলক্ষ্যে শস্য গুদাম ঋণ কার্যক্রম জোরদার করণ এবং সারা দেশ ব্যাপী সম্প্রসারণের উদ্যোগ গ্রহন করা।
- কৃষি পণ্যের সুষ্ঠু বিপণনের জন্য বিপণন ব্যয়, ব্যবসায়ীদের লভ্যাংশ ইত্যাদি বিষয়ে সমীক্ষা করে বিপণনের সমস্যা চিহ্নিতকরণ এবং বিপণন ব্যবস্থার উন্নয়ন ও বিপণন ব্যয় হ্রাসের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা।
- উৎপাদন, চাহিদা ও সরবরাহের মধ্যে সমন্বয় সাধন করা।
- উদ্বৃত্ত এলাকা থেকে ঘাটতি এলাকায় সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে সাপ্লাই চেইন নির্বিঘ্ন করা প্রয়োজন।

## ফসলের নামঃ ডাল, ভোজ্য তেল ও মসলা

### ১. পণ্যঃ ডাল

আমাদের নিত্য প্রয়োজনীয় পণ্যের তালিকায় ডাল একটি গুরুত্পূর্ন পণ্য। দেশজ উৎপাদন ও আমদানির মাধ্যমে এর চাহিদা পূরণ হয়ে থাকে। তাই বাজার মূল্যে বেশ পরিবর্তন লক্ষ্যনীয়। নিয়মিত কার্যক্রমের আওতায় কৃষি বিপণন অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিস সমূহ হতে প্রাপ্ত সাপ্তাহিক বাজারদর বুলেটিন সদর দপ্তরে সংকলন করা হয়। গত মাসের সংকলিত বাজারদর ও পূর্বে সংকলিত বাজারদর তথ্য পর্যালোচনা নভেম্বর,২০১৮ অক্টোবর,২০১৮ ও গত নভেম্বর,২০১৭ মাসের বিভিন্ন প্রকার ডালের পাইকারী জাতীয় গড় বাজার দর এবং মাসিক ও বাৎসরিক হ্রাস/বৃদ্ধির হার নিম্নে সারণীতে প্রদর্শন করা হলো।

➤ সারনী- ১: বিভিন্ন প্রকার ডালের পাইকারী বাজারদর পরিস্থিতি

( টাকা/প্রতি কুইন্টাল)

| ক্রঃ নং | দ্রব্যের নাম | রিপোর্টিং নভেম্বর/২০১৮ | গত মাস অক্টোবর২০১৮ | গত বছর নভেম্বর/২০১৭ | মাসিক দরের হ্রাস/বৃদ্ধি | বাৎসরিক দরের হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|---|---|
| ১ | ডাল-মাশ-গোটা | **৬৯৮৫** | **৭১১৯** | **৯০২৬** | **-১.৮৮%** | **-২২.৬১%** |
| ২ | ডাল-মাশ-ভাংগা | **৭০০৫** | **৭০৮৮** | **৮৬৬৪** | **-১.১৭%** | **-১৯.১৫%** |
| ৩ | ডাল- মসুর-দেশী-গোটা | ৮১১৭ | ৭৯৯৯ | ৯৪৬৭ | **১.৪৮%** | **-১৪.২৬%** |
| ৪ | ডাল- মসুর-দেশী-ভাংগা | ৬১১৫ | ৬২২২ | ৭১৩৫ | **-১.৭২%** | **-১৪.৩০%** |
| ৫ | ডাল- মসুর-বিদেশী-উন্নতমানের | ৭২৪৪ | ৭১১১ | ৮৭২৪ | **১.৮৭%** | **-১৬.৯৬%** |
| ৬ | ডাল- মুগ-দেশী | ৯৬৮৯ | ৯৭৬৬ | ১১৯৪২ | **-০.৭৯%** | **-১৮.৮৭%** |
| ৭ | ডাল- ছোলা-গোটা | ৬৯৪৫ | ৬৮২১ | ৮৪৬৫ | **১.৮২%** | **-১৭.৯৬%** |
| ৮ | ডাল- ছোলা-ভাংগা | ৬৮৬০ | ৬৮৪০ | ৮৫৩৬ | **০.২৯%** | **-১৯.৬৩%** |
| ৯ | ডাল- মটর-দেশী | ৪৮৮৩ | ৫০০৯ | ৯৬৫০ | **-২.৫২%** | **-৪৯.৪০%** |
| ১০ | ডাল- মটর-বিদেশী | ৩২২৯ | ৩২১৯ | ৩২৭১ | **০.৩১%** | **-১.২৮%** |
| ১১ | ডাল- খেসারী | ৪২৫১ | ৪২৪২ | ৫১৬৪ | **০.২১%** | **-১৭.৬৮%** |

**নভেম্বর,২০১৮ গত মাস অক্টোবর, ২০১৮ ও গত বছর নভেম্বর,২০১৭ মাসের ডালের জাতীয় গড় পাইকারী বাজারদর চিত্রের সাহায্যে দেখানো হলো**



**১. ক. গত মাসের সাথে তুলনামূলক পর্যালোচনাঃ.**

উপরের ছকে বর্ণিত তথ্য পর্যালোচনা করে দেখা যায় পাইকারী পর্যায়ে অক্টোবর'২০১৮ তুলনায় নভেম্বর'২০১৮ মাসে ডাল-মাশ-গোটা, ডাল-মাশ-ভাংগা, ডাল-মসুর-দেশী-ভাংগা, ডাল-মুগ-দেশী ও ডাল-মটর-দেশী ছাড়া অন্যান্য সকল ডালের দর বৃদ্ধি পেয়েছে।

**১. খ. গত বছরের এই সময়ের সাথে তুলনামূলক পর্যালোচনাঃ**

ছকে বর্ণিত বাজারদর তথ্য বিশ্লেষনে লক্ষ্য করা যায় পাইকারী পর্যায়ে নভেম্বর',২০১৭ তুলনায় নভেম্বর' ২০১৮ মাসে সকল ডালের দর হ্রাস পেয়েছে।

**১.গ. বাজারদর হ্রাস বৃদ্ধির কারণঃ**

**মাসিকঃ**

অধিদপ্তরের মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্য ও বিদ্যমান বাজারদর পর্যালোচনা করে দেখা যায়, অক্টোবর '২০১৮ তুলনায় নভেম্বর' ২০১৮ মাসে ডালের চাহিদার তুলনায় সরবরাহ বেশী থাকায় বেশীর ভাগ ডালের দর হ্রাস পেয়েছে।

**বার্ষিকঃ**

নভেম্বর'২০১৭ এর তুলনায় নভেম্বর' ২০১৮ মাসে অর্থাৎ গত বছরের তুলনায় এ বছর সরবরাহ বেশী থাকায় নভেম্বর',২০১৮ সকল ডালের দর হ্রাস পেয়েছে।

**২. পণ্যঃ ভোজ্য তেল**

ভোজ্য তেল নিত্য প্রয়োজনীয় গুরুত্বপুর্ন পণ্য হিসেবে বিবেচিত। সরিষা, সয়াবিন এবং পাম তেল ভোজ্য তেল হিসেবে উল্লেখযোগ্য। সরিষা আমাদের দেশে উৎপন্ন হলেও সয়াবিন এবং পাম তেলের চাহিদার পুরোটাই আমদানি করে পূরণ করা হয়। ভোজ্য তেলের সংকলিত বাজারদর তথ্য পর্যালোচনা পূর্বক অক্টোবর,২০১৮ মাসের তুলনায় নভেম্বর',২০১৮ মাসের এবং গত বছর নভেম্বর',২০১৭ মাসের তুলনায় চলতি বছরের নভেম্বর' ২০১৮ মাসে বিভিন্ন ধরনের ভোজ্য তেলের মাসিক পাইকারী জাতীয় গড় বাজার দর এবং মাসিক ও বাৎসরিক হ্রাস/বৃদ্ধির হার নিম্নে সারনীতে প্রদর্শন করা হলো।

➤ **সারনী- ২ : বিভিন্ন প্রকার ভোজ্য তেলের পাইকারী বাজারদর পরিস্থিতি**

(টাকা/ প্রতি ১০০ লি )

| ক্রঃ নং | দ্রব্যের নাম | রিপোর্টিং মাস নভেম্বর/১৮ | গত মাস অক্টোবর/১৮ | গত বছর নভেম্বর/২০১৭ | মাসিক দরের হ্রাস/বৃদ্ধি | বাৎসরিক দরের হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|---|---|
| ১ | সরিষা-উন্নতমানের | ১২৯৭১ | ১২৭৪৬ | ১২৭৪২ | ১.৭৭% | ১.৮০% |
| ২ | সয়াবিন (খোলা) | ৮০২০ | ৮০৬৯ | ৮৮৬২ | -০.৬১% | -৯.৫০% |
| ৩ | পাম | ৬৩৭২ | ৬৫০১ | ৬৯৪৫ | -১.৯৮% | -৮.২৫% |

**নভেম্বর,২০১৮ গত মাস  অক্টোবর ২০১৮ ও গত বছর  নভেম্বর, ২০১৭ মাসের ভোজ্য তেলের পাইকারী জাতীয় গড় চিত্রের সাহায্য দেখানো হলো।**




**২. ক . গত মাসের সাথে তুলনামূলক পর্যালোচনাঃ**

উল্লেখিত ছকে তথ্য পর্যালোচনা করে দেখা যায়  অক্টোবর'২০১৮ মাসের তুলনায়  নভেম্বর'২০১৮ সরিষা-উন্নতমানের ছাড়া অন্যান্য সকল তেলের দর হ্রাস  পেয়েছে।

**২. খ . গত বছরের এই সময়ের সাথে তুলনামূলক পর্যালোচনাঃ**

ছকে বর্ণিত বাজারদর তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, নভেম্বর'২০১৭ মাসের তুলনায় নভেম্বর' ২০১৮ মাসে  সরিষা-উন্নতমানের ছাড়া অন্যান্য সকল  তেলের দর হ্রাস পেয়েছে।

**২.গ. বাজারদর হ্রাস/বৃদ্ধির কারণঃ**

বাজার তথ্য পর্যালোচনা ও অন্যান্য তথ্য উপাত্তের ভিত্তিতে বিশ্লেষণ করে দেখা যায় যে,  চাহিদার তুলনায় সরবরাহ স্বাভাবিক থাকায়  নভেম্বর'২০১৭ মাসের তুলনায়  নভেম্বর'২০১৮ মাসে অর্থাৎ গত বছরের তুলনায় এ বছর প্রায় সকল তেলের দর  হ্রাস পেয়েছে।

## ৩. পণ্যঃ

**ফসলের নামঃ** পেঁয়াজ (দেশী ও আমদানিকৃত), রসুন (দেশী ও আমদানিকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানিকৃত), হলুদ দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়া

**বাজারদর পরিস্থিতিঃ** মসলা জাতীয় পণ্য আমাদের নিত্য প্রয়োজনীয় পণ্যের মধ্যে উল্লেখযোগ্য যার গুরুত্ব অপরিসীম। দেশেজ উৎপাদন ও আমদানির মাধ্যমে এর চাহিদা পূরন হয়ে থাকে। তাই বাজার মূল্যেও বেশ তারতম্য লক্ষ্য করা যায়। কৃষি বিপণন অধিদপ্তরের সদর দপ্তরে জেলা অফিস সমূহ হতে প্রাপ্ত সাপ্তাহিক বাজারদর বুলেটিন হতে সংকলিত বাজারদর অক্টোবর'২০১৮ মাসের তুলনায় নভেম্বর,২০১৮ মাসে পেঁয়াজ (দেশী ও আমদানিকৃত), রসুন (দেশী ও আমদানিকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানিকৃত), হলুদ-দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের পাইকারী ও খুচরা জাতীয় গড় মাসিক বাজার দরের হ্রাস/বৃদ্ধির হার নিম্নে সারণীতে প্রদর্শন করা হলোঃ

(টাকায়)

| পণ্যের নাম (শ্রেণি অনুযায়ী) | নভেম্বর /২০১৮ | | অক্টোবর/২০১৮ | | মাসিক দামের হ্রাস/বৃদ্ধি | |
|---|---|---|---|---|---|---|
| | পাইকারী (প্রতি কুইন্টাল) | খুচরা (প্রতি কেজি) | পাইকারী (প্রতি কুইন্টাল) | খুচরা (প্রতি কেজি) | প্রতি কুইন্টাল | প্রতি কেজি |
| পেঁয়াজ-দেশী | ২৯৭৮ | ৩৫ | ৩৫৮৬ | ৪২ | -১৬.৯৫% | -১৬.৬৭% |
| পেঁয়াজ-বিদেশী | ২১৮২ | ২৭ | ২৩৮৩ | ২৯ | -৮.৪৩% | -৬.৯০% |
| রসুন-দেশী | ৩৭৮২ | ৪৮ | ৩৮৯৭ | ৪৯ | -২.৯৫% | -২.০৪% |
| রসুন-বিদেশী | ৫৪৭৩ | ৬৫ | ৫০৮৬ | ৬১ | ৭.৬১% | ৬.৫৬% |
| শুকনা মরিচ | ১৬০১১ | ১৭৯ | ১৬০৮৫ | ১৭৭ | -০.৪৬% | ১.১৩% |
| কাঁচা মরিচ | ৩০৩৯ | ৪২ | ৪৪৩২ | ৫৮ | -৩১.৪৩% | -২৭.৫৯% |
| আদা-দেশী | ১০৪৭৬ | ১২৩ | ১১১৬৬ | ১২৭ | -৬.১৮% | -৩.১৫% |
| আদা-বিদেশী | ১০২৯৪ | ১২১ | ১০৫২৮ | ১২৪ | -২.২২% | -২.৪২% |
| হলুদ-(গোল) | ১৩২৮৩ | ১৪১ | ১৩৪৮৬ | ১৪৩ | -১.৫১% | -১.৪০% |
| হলুদ-(লম্বা) | ১২৮৭৪ | ১৪৭ | ১২৮৮০ | ১৪৭ | -০.০৫% | ০.০০% |
| ধনিয়া | ৯৬৫১ | ১১৩ | ৯৫৮৬ | ১১৩ | ০.৬৮% | ০.০০% |

**অক্টোবর,২০১৮ ও নভেম্বর,২০১৮ মাসের জাতীয় গড় পাইকারী মূল্য এর পরিবর্তনের চিত্রঃ**

(কুইন্টাল/ টাকায়)




**অক্টোবর,২০১৮  নভেম্বর,২০১৮ মাসের জাতীয় গড় খুচরা মূল্য এর পরিবর্তনের চিত্রঃ**

(কেজি/টাকায়)



**পর্যালোচনাঃ**

অক্টোবর,২০১৮ মাসের তুলনায় নভেম্বর,২০১৮ মাসে পাইকারী ও খুচরা জাতীয় গড় বাজার দরের হ্রাস/বৃদ্ধির পরিস্থিতি পর্যালোচনা।

পেঁয়াজ -দেশী এর দাম অক্টোবর'২০১৮ মাসের তুলনায় নভেম্বর'২০১৮ মাসে পাইকারী দাম -১৬.৯৫% ও খুচরা দাম -১৬.৬৭% হারে হ্রাস পেয়েছে। পেঁয়াজ-বিদেশী পাইকারী দাম -৮.৪৩% হারে ও খুচরা দাম -৬.৯০% হারে হ্রাস।

রসুন দেশী অক্টোবর, ২০১৮ মাসের তুলনায় নভেম্বর, ২০১৮ মাসে পাইকারী দাম -২.৯৫% হারে ও খুচরা দাম -২.০৪% হারে হ্রাস পেয়েছে। রসূন-বিদেশী পাইকারী দাম ৭.৬১% হারে এবং খুচরা দাম ৬.৫৬% হারে বৃদ্ধি পেয়েছে।

শুকনা মরিচ-এর দাম অক্টোবর, ২০১৮ মাসের তুলনায় নভেম্বর,২০১৮ মাসে পাইকারী দাম -০.৪৬ হারে হ্রাস ও খুচরা দাম ১.১৩% হারে বৃদ্ধি পেয়েছে।

কাঁচা মরিচ এর দাম অক্টোবর'২০১৮ মাসের তুলনায় নভেম্বর'২০১৮ মাসে পাইকারী দাম -৩১.৪৩% ও খুচরা দাম -২৭.৫৯% হারে হ্রাস পেয়েছে।

আদা-দেশী অক্টোবর,২০১৮ মাসের তুলনায় নভেম্বর,২০১৮ মাসে পাইকারী দাম -৬.১৮% হারে ও খুচরা দাম -৩.১৫% হারে হ্রাস পেয়েছে। আদা বিদেশী পাইকারী দাম -২.২২% হারে ও খুচরা দাম -২.৪২% হারে হ্রাস পেয়েছে।

হলুদ-গোল অক্টোবর'২০১৮ মাসের তুলনায় নভেম্বর'২০১৮ মাসে পাইকারী দাম-১.৫১% হারে ও খুচরা দাম -১.৪০% হারে হ্রাস পেয়েছে। হলুদ লম্বা পাইকারী দাম -০.০৫% হারে হ্রাস ও খুচরা দাম অপরিবর্তিত রয়েছে।

ধনিয়া অক্টোবর,২০১৮ মাসের তুলনায় নভেম্বর,২০১৮ মাসে পাইকারী দাম ০.৬৮% হারে বৃদ্ধি ও খুচরা দাম অপরিবর্তিত রয়েছে।

**বাজারের গতি প্রবাহঃ**

ক) কৃষি বিপণন অধিদপ্তরের সাপ্তাহিক বাজারদর বুলেটিনের মাধ্যমে বিগত ৬ মাসের সংকলিত জাতীয় গড় বাজারদরের ভিত্তিতে পেঁয়াজ (দেশী ও আমদানিকৃত), রসুন (দেশী ও আমদানিকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানিকৃত), হলুদ-দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের পাইকারী বাজারদরের গতি প্রবাহ নিয়ে সারণী ও লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন করা হলো :

## ► ৬ মাসের পাইকারী মূল্য পরিবতর্নের চিত্র/ধারাক্রম

(প্রতি কুইন্টাল/টাকায়)

| পণ্যের নাম | জুন/২০১৮ | জুলাই/২০১৮ | আগষ্ট/২০১৮ | সেপ্টেম্বর/২০১৮ | অক্টোবর/২০১৮ | নভেম্বর/২০১৮ |
|---|---|---|---|---|---|---|
| পেঁয়াজ-দেশী | ৩৪৩৭ | ৩৮০৩ | ৪৬৪৬ | ৪১৬১ | ৩৫৮৬ | ২৯৭৮ |
| পেঁয়াজ-বিদেশী | ২২০৮ | ২৬৩১ | ২৯০০ | ২৩৯৭ | ২৩৮৩ | ২১৮২ |
| রসূন-দেশী | ৪৮৪৪ | ৪৬৯৪ | ৪৬৪০ | ৪২২৯ | ৩৮৯৭ | ৩৭৮২ |
| রসূন-বিদেশী | ৬৬৭৫ | ৬৩৮৭ | ৫৭৭৩ | ৫৩৫৬ | ৫০৮৬ | ৫৪৭৩ |
| শুকনা মরিচ | ১৫২৪৭ | ১৫৬২৩ | ১৫৯৮৭ | ১৬০৮১ | ১৬০৮৫ | ১৬০১১ |
| কাঁচা মরিচ | ৩৭৬৫ | ৯৮৯১ | ৭৮১৭ | ৪৮৫০ | ৪৪৩২ | ৩০৩৯ |
| আদা-দেশী | ৮২৩১ | ৮৬৭৮ | ১০১৯৪ | ১১১৯৩ | ১১১৬৬ | ১০৪৭৬ |
| আদা-বিদেশী | ৮০৭২ | ৮৩৫৬ | ৮৯২২ | ৯৮৯১ | ১০৫২৮ | ১০২৯৪ |
| হলুদ-(গোল) | ১৩৩৪৭ | ১৩৩৬৬ | ১৩১৮৬ | ১৩১৩৪ | ১৩৪৮৬ | ১৩২৮৩ |
| হলুদ-(লম্বা) | ১২৮৬১ | ১২৮৩৯ | ১২৯৭৩ | ১৩০৫৩ | ১২৮৮০ | ১২৮৭৪ |
| ধনিয়া | ৮৬১৭ | ৮৭৮৮ | ৯৪৯৫ | ৯৬১৯ | ৯৫৮৬ | ৯৬৫১ |

জুন,২০১৮ হতে নভেম্বর,২০১৮ পযর্ন্ত পেঁয়াজ ও রসুন (দেশী ও আমদানিকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানিকৃত), হলুদ দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের পাইকারী দামের গতি প্রবাহ।



**উপরের লেখচিত্র থেকে দেখা যায় যে,**

- **<u>পেঁয়াজ (দেশী )-</u>** পেঁয়াজ এর পাইকারী দাম জুন/১৮ মাস হতে আগষ্ট/১৮মাস উর্দ্ধগতি হয়ে সেপ্টেম্বর/১৮ মাস হতে নভেম্বর/১৮ মাস নিম্নগতি।
- **<u>পেঁয়াজ-(বিদেশী)-</u>**জুন/১৮ মাস হতে আগষ্ট/১৮মাস উর্দ্ধগতি হয়ে সেপ্টেম্বর/১৮ মাস হতে নভেম্বর/১৮ মাস নিম্নগতি।
- **<u>রসুন-(দেশী)</u>**- জুন/১৮ মাস হতে নভেম্বর/১৮ মাস পর্যন্ত নিম্নগতি।
- **<u>রসুন (বিদেশী)-</u>**জুন/১৮ মাস হতে অক্টোবর/১৮ মাস পর্যন্ত নিম্নগতি হয়ে নভেম্বর/১৮উর্দ্ধগতি ।
- **<u>শুকনা মরিচ-</u>** জুন/১৮ মাস হতে অক্টোবর/১৮ মাস পর্যন্ত উর্দ্ধগতি হয়ে নভেম্বর/১৮ মাসে নিম্নগতি।
- **<u>কাঁচা মরিচ</u>** জুন/১৮ মাস হতে জুলাই/১৮ মাস পর্যন্ত উর্দ্ধগতি হয়ে আগষ্ট/১৮ মাস হতে নভেম্বর /১৮ মাস পর্যন্ত নিম্নগতি।
- **<u>আদা-(দেশী)-</u>** জুন/১৮ মাস হতে সেপ্টেম্বর/১৮মাস উর্দ্ধগতি হয়ে অক্টোবর/১৮ হতে নভেম্বর/১৮মাস পর্যন্ত নিম্নগতি।
- **<u>আদা–(বিদেশী)</u>**- জুন/১৮ মাস হতে অক্টোবর/১৮ মাস পর্যন্ত উর্দ্ধগতি হয়ে নভেম্বর/১৮ মাস নিম্নগতি।
- **<u>হলুদ-(গোল)-</u>** জুন/ ১৮ মাস হতে আগষ্ট/১৮ মাস নিম্নগতি হয়ে সেপ্টেম্বর/১৮ মাস স্হিতিশীল হয়ে অক্টোবর/১৮ মাস উর্দ্ধগতি। নভেম্বর/১৮ নিম্নগতি।

  **<u>হলুদ-(লম্বা)-</u>**জুন/ ১৮ মাস হতে নভেম্বর/১৮ মাস পর্যন্ত প্রায় স্হিতিশীল।
- **<u>ধনিয়া</u>**- জুন/১৮মাস হতে সেপ্টেম্বর/১৮ মাস পর্যন্ত উর্দ্ধগতি। অক্টোবর/১৮ মাস হতে নভেম্বর/১৮ মাস স্হিতিশীল।

**৬ মাসের খুচরা মূল্য পরিবর্তনের চিত্র/ধারাক্রম**

(প্রতি কেজি/টাকায়)

| পণ্যের নাম | জুন/২০১৮ | জুলাই/২০১৮ | আগষ্ট/২০১৮ | সেপ্টেম্বর/২০১৮ | অক্টোবর/২০১৮ | নভেম্বর/২০১৮ |
|---|---|---|---|---|---|---|
| পেঁয়াজ-দেশী | ৪০ | ৪৪ | ৫২ | ৪৮ | ৪২ | ৩৫ |
| পেঁয়াজ-বিদেশী | ২৫ | ৩২ | ৩৪ | ২৯ | ২৯ | ২৭ |
| রসুন-দেশী | ৬০ | ৫৮ | ৫৭ | ৫৩ | ৪৯ | ৪৮ |
| রসুন-বিদেশী | ৭৭ | ৭৬ | ৬৯ | ৬৪ | ৬১ | ৬৫ |
| শুকনা মরিচ | ১৭৮ | ১৭৬ | ১৭৬ | ১৭৭ | ১৭৭ | ১৭৯ |
| কাঁচা মরিচ | ৫০ | ১২১ | ৯৭ | ৬৪ | ৫৮ | ৪২ |
| আদা-দেশী | ৯০ | ১০৫ | ১১৯ | ১৩০ | ১২৭ | ১২৩ |
| আদা-বিদেশী | ৯০ | ১০০ | ১০৫ | ১১৬ | ১২৪ | ১২১ |
| হলুদ-(গোল) | ১৪০ | ১৪৭ | ১৩৩ | ১৪৪ | ১৪৩ | ১৪১ |
| হলুদ-(লম্বা) | ১৪৬ | ১৪৫ | ১৪৭ | ১৪৭ | ১৪৭ | ১৪৭ |
| ধনিয়া | ৯১ | ৯৬ | ১১১ | ১১২ | ১১৩ | ১১৩ |

জুন,২০১৮ হতে নভেম্বর,২০১৮ পর্যন্ত পেঁয়াজ ও রসুন (দেশী ও আমদানীকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানিকৃত), হলুদ দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের খুচরা দামের গতি প্রবাহ




**উপরের লেখচিত্র থেকে দেখা যায় যে-**

- **<u>পেঁয়াজ (দেশী )</u>**–পেঁয়াজ এর খুচরা বাজার দর জুন/১৮ মাস হতে আগষ্ট/১৮ মাস উর্দ্ধগতি হয়ে সেপ্টেম্বর/১৮ মাস হতে নভেম্বর /১৮ মাস নিম্নগতি।
- **পেঁয়াজ-(বিদেশী**)- জুন/১৮ মাস হতে আগষ্ট/১৮মাস উর্দ্ধগতি হয়ে সেপ্টেম্বর /১৮ মাস হতে নভেম্বর /১৮ মাস নিম্নগতি।
- **রসুন-দেশী**- জুন/১৮ হতে নভেম্বর/১৮ মাস পর্যন্ত নিম্নগতি ।
- **রসুন-বিদেশী-** জুন/১৮ মাস হতে অক্টোবর/১৮ মাস পর্যন্ত নিম্নগতি হয়ে নভেম্বর/১৮ মাস উর্দ্ধগতি।
- **শুকনা মরিচ-** জুন/১৮ মাস হতে আগষ্ট/১৮ মাস প্রায় নিম্নগতি হয়ে সেপ্টেম্বর' ১৮ হতে নভেম্বর/১৮ মাসে উর্দ্ধগতি।
- **কাঁচা মরিচ**- জুন/১৮ মাস হতে জুলাই/১৮ মাস পর্যন্ত উর্দ্ধগতি হয়ে আগষ্ট/১৮ মাস হতে নভেম্বর/১৮ মাস পর্যন্ত নিম্নগতি।
- **আদা-(দেশী )**- জুন/১৮ মাস হতে সেপ্টেম্বর/১৮মাস উর্দ্ধগতি হয়ে অক্টোবর/১৮ হতে নভেম্বর/১৮ মাস পর্যন্ত নিম্নগতি।
- **আদা-(বিদেশী)-** জুন/১৮ মাস হতে অক্টোবর/১৮ মাস পর্যন্ত উর্দ্ধগতি হয়ে নভেম্বর/১৮ মাস নিম্নগতি।
- **হলুদ-(গোল )**-জুন/১৮ মাস হতে জুলাই/১৮ মাসে উর্দ্ধগতি হয়ে আগষ্ট/১৮ মাসে নিম্নগতি হয়ে সেপ্টেম্বর/১৮ উর্দ্ধগতি হয়ে অক্টোবর/১৮ মাস হতে নভেম্বর/১৮ মাস পর্যন্ত নিম্নগতি।
- **হলুদ-(লম্বা)-** জুন/১৮ মাস হতে নভেম্বর/১৮ মাস পর্যন্ত প্রায় স্হিতিশীল।
- **ধনিয়া-** জুন/১৮ মাস হতে নভেম্বর/১৮ মাস স্হিতিশীল।

## ফসলের নামঃ তামাক, পাট ও তুলা

**পণ্যঃ তামাক**

বিভিন্ন তামাক কোম্পানী, রংপুর তামাক ব্যবসায়ী সমিতি ও মাঠ পর্যায়ের অফিস সমূহ হতে প্রাপ্ত তথ্য মতে ২০১৭-২০১৮ অর্থ বছরে সামগ্রিক ভাবে আনুমানিক ৯৭.৩৫ হাজার একর জমিতে তামাকের আবাদ হয় এবং আনুমানিক ৭৯.৯০ হাজার মেঃ টন তামাক উৎপাদন হবে বলে ধারনা করা যায়। অত্র অধিদপ্তরের মাঠ পর্যায়ের পর্যবেক্ষন হতে প্রাপ্ত তথ্যমতে ২০১৬-১৭ অর্থবছরে সর্বমোট প্রায় ৭৯.৭৭ হাজার মেঃ টন তামাক ক্রয় বিক্রয়ের হিসাব পাওয়া যায় এবং কোথাও চাষী পর্যায়ে তামাক অবিক্রিত থাকার খবর পাওয়া যায়নি। তাপশোধিত এবং বার্লি জাতের, যা সরাসরি তামাক সংশ্লিষ্ট কোম্পানীসমূহ চাষী পর্যায় হতে ক্রয় করে। কৃষি মূল্য উপদেষ্টা কমিটি কর্তৃক চাষী পর্যায় হতে ক্রয়ের জন্য প্রতি বছর তামাক ফসলের সর্বনিম্ন মূল্য নির্ধারণ করে দেয়া হয়। দেশী তামাকের কেনাবেচা (যা ACV প্রকৃতির) খোলা বাজার হতে সম্পাদিত হয় এবং এর মধ্যে মতিহার, জাতি ও ভিভি তামাকের পরিমাণই বেশী। কিছু পরিমান বাংলাদেশের গুরুত্বপূর্ণ ১০টি জেলা হতে প্রাপ্ত মতিহার ও জাতি তামাক এর পাইকারী গড় বাজার দর এর ভিত্তিতে মাসিক ও বাৎসরিক মূল্য হ্রাস-বৃদ্ধির তুলনামূলক পর্যালোচনা নীচে প্রদত্ত হলো।

**তামাক ফসলের পাইকারী মূল্য পরিস্থিতি**

| পণ্যের নাম | নভেম্বর /১৮ | অক্টোবর /১৮ | নভেম্বর /১৭ | মাসিক হ্রাস/বৃদ্ধি | বাৎসরিক হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|---|
| মতিহার | ১৪৬০১ | ১৪৪৮২ | ১৪০০৬ | ০.৮২% | ৪.২৫% |
| জাতি | ১০৬০০ | ১০৬০০ | ১১৮০০ | ০.০০% | -১০.১৭% |

**তামাকঃ** অক্টোবর /১৮ মাসের চেয়ে  নভেম্বর /১৮ মাসের মতিহার তামাকের গড় দাম বৃদ্ধি পেয়েছে যা ০.৮২% এবং জাতি তামাকের গড় দাম  স্থিতিশীল রয়েছে। গত বৎসরের একই মাসের জাতীয় গড় দাম এর চেয়ে এ বৎসরের মতিহার তামাকের বাৎসরিক জাতীয় গড় দাম বৃদ্ধি পেয়েছে ৪.২৫% এবং জাতি তামাকের বাৎসরিক জাতীয় গড় দাম হ্রাস পেয়েছে যা ১০.১৭%।

**স্থানীয় জাতের তামাকের পাইকারী মূল্য চিত্র  (কুইন্টাল/টাকা)**



**<u>তামাকের সরকার নির্ধারিত মূল্য-এর সাথে বাজার মূল্যের তুলনা</u>**

| পণ্যের নাম | নভেম্বর /১৮ | সরকার নির্ধারিত মূল্য | মাসিক হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|
| মতিহার | ১৬১.৫৪ | ৬৫.০০ | ১৪৮.৫২% |
| জাতি | ১০৪.০০ | ৭০.০০ | ৪৮.৫৭% |

সরকার নির্ধারিত দরের চেয়ে  নভেম্বর /১৮ মাসের মতিহার ও জাতি তামাকের খুচরা মূল্য অধিক হারে বৃদ্ধি পেয়েছে যা যথাক্রমে ১৪৮.৫২% এবং ৪৮.৫৭%।

**তামাকের সরকার নির্ধারিত মূল্য-এর সাথে বাজার মূল্যের তুলনা'র চিত্র**




**বাংলাদেশে তামাক চাষ ও উৎপাদন পরিসংখ্যান**

| বছর | তামাক আবাদ (হাজার একর) | উৎপাদন (হাজার মে:টন) |
|---|---|---|
| ২০০১-০২ | ৭৬ | ৩৮ |
| ২০০২-০৩ | ৭৬ | ৩৭ |
| ২০০৩-০৪ | ৮৫ | ৩৯ |
| ২০০৪-০৫ | ৭৪ | ৩৮ |
| ২০০৫-০৬ | ৭৮ | ৪৩ |
| ২০০৬-০৭ | ৭৬ | ৩৯ |
| ২০০৭-০৮ | ৭২ | ৪০ |
| ২০০৮-০৯ | ৭৪ | ৪০ |
| ২০০৯-১০ | ৯৫ | ৫৪ |
| ২০১০-১১ | ১২১ | ৭৯ |
| ২০১১-১২ | ১২৬ | ৮৫ |
| ২০১২-১৩ | ১২০ | ৭৯ |
| ২০১৩-১৪ | ১২৪ | ৮৫ |
| ২০১৪-১৫ | ১২৭ | ৯৪ |
| ২০১৫-২০১৬ | ১১৫ | ৮৮ |

* সূত্রঃ 2016 yearbook of Agricultural statistics of Bangladesh - BBS

**পাটঃ**

প্রধান আঁশ ফসল পাট, কেনাফ ও মেস্তার মধ্যে পাট প্রধান অর্থকরী ফসল। পাটের দুইটি প্রজাতি-দেশী ও তোষা। দেশী পাটের ফল গোলাকার ও পাতার স্বাদ তিতা। তোষা পাটের ফল লম্বা এবং পাতার স্বাদ তিতা নয়। পাট উৎপাদনে অগ্রগামী জেলাগুলো হলো- রংপুর, ফরিদপুর, যশোর, ঢাকা, টাঙ্গাইল, কুষ্টিয়া, জামালপুর ও পাবনা। পাটের আঁশ থেকে পাটের সুতা, ব্যাগ, বস্তা, পর্দা, কার্পেট ও সংশ্লিষ্ট পণ্য তারপুলিন, প্যাকিং দ্রব্যাদি উৎপাদিত হয়। এছাড়াও পার্টিকেল বোর্ড, পাট-প্লাস্টিক ও অনুরূপ দ্রব্য তৈরিতে পাটের ব্যবহার হচ্ছে। কৃষকের জ্বালানির সিংহভাগই আসে পাটখড়ি থেকে। পাটের পাতা শাক হিসেবে ব্যবহার হয় এবং খুবই সুস্বাদু। দেশের শতকরা ৬০ ভাগ কৃষক পাট চাষ করে জীবিকা নির্বাহ করে। দেশে উৎপাদিত পাটের শতকরা ৭০ ভাগ দেশে ব্যবহার হয়, ৩০ ভাগ কাঁচা পাট ও পাটজাত দ্রব্য হিসেবে রপ্তানী হয়।

**পাট এর বিভিন্ন ব্যবহার উপযোগিতা নিম্নে প্রদত্ত ডায়াগ্রাম থেকে দেখা যেতে পারে**




নোটঃ পাট-এর বিভিন্ন উপযোগীতার চিত্র হতে মূল্য সংযোজনের সম্ভাব্যতা সম্পর্কে ধারণা পাওয়া যায় বিধায় প্রদর্শন করা হয়।

**বাংলাদেশে পাট চাষ ও উৎপাদন পরিসংখ্যান**

| বছর | পাট আবাদ (লাখ হেক্টর) | | | উৎপাদন (লাখ বেল) | | | হেক্টর প্রতি ফলন (বেল*) | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | **দেশী** | **তোষা** | **মোট** | **দেশী** | **তোষা** | **মোট** | **দেশী** | **তোষা** |
| ২০০৬-০৭ | ০.৯৫ | ৩.৭৬ | ৪.৭১ | ৬.৯১ | ৪১.৯৬ | ৪৮.৮৭ | ৭.২৭ | ১১.১৬ |
| ২০০৭-০৮ | ০.৯৪ | ৪.২৪ | ৫.১৮ | ৫.৬৩ | ৪১.৮৩ | ৪৭.৪৬ | ৫.৯৯ | ৯.৮৭ |
| ২০০৮-০৯ | ০.৭৩ | ৪.০০ | ৪.৭৩ | ৫.২৯ | ৪২.০০ | ৪৭.২৯ | ৭.২৫ | ১০.৫০ |
| ২০০৯-২০১০** | | | ৪.১৬ | | | ৫০.০৯ | | ১২.০৪ |
| ২০১০-১০১১** | | | ৭.০৯ | | | ৮৩.৯৬ | | ১১.৮৪ |
| ২০১১-১০১২** | | | ৭.৬ | | | ৮০.০৩ | ১০.৫৩ | |
| ২০১২-১০১৩** | ৬.৮১ | | | ৭৬.১০ | | | ১১.১৭ | |
| ২০১৩-১০১৪** | ৬.৬৬ | | | ৭৪.৩৬ | | | ১১.১৭ | |
| ২০১৪-১০১৫** | ৬.৭৩ | | | ৭৫.০১ | | | ১১.১৫ | |
| ২০১৫-২০১৬** | ৬.৭৮ | | | ৭৫.৫৮ | | | ১১.১৫ | |

*১ বেল = ১৮১.৪৩ কেজি = ৫ মণ (প্রায়) ।

** সূত্রঃ 2016 yearbook of Agricultural statistics of Bangladesh – BBS

**আন্তর্জাতিক চিত্র**

প্রধান প্রধান উৎপাদনকারী দেশসমূহে পাট চাষ এর অবস্থান নীচের ছক সমূহ থেকে দেখা যেতে পারে। উল্লেখ্য বাংলাদেশে পাটের আবাদ আবার জনপ্রিয় হয়ে উঠেছে, তবে উৎপাদন দক্ষতা বৃদ্ধির সুযোগ রয়েছে বলে দেখা যায় (চীনের হেক্টর প্রতি উৎপাদন ২.৬৭ টন সেখানে বাংলাদেশের হেক্টর প্রতি উৎপাদন ২.২২ টন)।

**পাট, কেনাফ ও অন্যান্য আঁশ ফসলে ব্যবহৃত জমির পরিমান**

| জমির পরিমাণ *(০০০ হেক্টর)* (১ হেক্টর = ২.৪৭১ একর ) | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| **বছর** | **বাংলাদেশ** | চীন | **ইন্ডিয়া** | **মায়ানমার** | **নেপাল** | **থাইল্যান্ড** |
| ২০১২-২০১৩* | ৭৬০.৪৩ | ১৪ | ৮০০ | ২.৭৫ | ১০.৫৪ | ১.৪২ |
| ২০১১-২০১২* | ৭৬০.০১ | ১৩.৫ | ৮০০ | ২.৬৫ | ১০.৫৮ | ১.৪২ |
| ২০১০-২০১১* | ৭০৮.৬১ | ১৩.০৩ | ৭৯০ | ৫.০০ | ১৩.০১ | ১.০৪ |
| ২০০৯-২০১০* | ৪১৬.৪৩ | ৩০ | ৭৭৩.৭ | ৮.৯ | ১১.৬ | ১.৫ |
| ২০০৮-২০০৯ | ৪০৮.১ | ৩০ | ৭৮৫.৬ | ১৪.৩ | ১১.৬ | ১.৫ |
| ২০০৭-২০০৮ | ৫০০ | ৩৩ | ৯৫২ | ৪৭.২ | ১১.৭ | ১.২ |
| ২০০৬-২০০৭ | ৫০০ | ৩১ | ৯৩১ | ৫১.৪ | ১২ | ২.৩ |
| ২০০৫-২০০৬ | ৪৬৬ | ৩১.১ | ৯৩১ | ৪১ | ১২.২ | ৩.১ |
| ২০০৪-২০০৫ | ৪১৮ | ৩২ | ৯১৬ | ৩৫.৪ | ১১.৮ | ১৬.৬ |
| ২০০৩-২০০৪ | ৪৯৯.৮ | ৪১ | ১০০০ | ৪৪.১ | ১১.৯ | ২০.৪ |
| ২০০২-২০০৩ | ৪৩৬.২ | ৫৬ | ১০২৫ | ৫৮.৭ | ১১.৭ | ২৭.২ |
| ২০০১-২০০২ | ৫১৯.৬ | ৫২ | ৯৮৬ | ৫৩.৫ | ১১.৩ | ১৯.২ |
| ২০০০-২০০১ | ৪৪৮ | ৫০ | ৮৭৩ | ৩১ | ১৪.৫ | ১৯.২ |
| ১৯৯৯-২০০০ | ৪১৪.৮ | ৬৫.৮ | ৭৫১ | ৩৩ | ১১.৭ | ১৯.৯ |
| ১৯৯৮-১৯৯৯ | ৪৭৭.৫ | ৯২.৭ | ৮৪১ | ৩৭.৩ | ১২.৩ | ৩০.৭ |
| ১৯৯৭-১৯৯৮ | ৬৪৭.৫ | ১৬২.১ | ১১১৫ | ৩৪.১ | ১১ | ৬৬.৬ |
| ১৯৯৬-১৯৯৭ | ৫৪৭.৬ | ১৪৭ | ১০১৪ | ৪৩.২ | ১১.২ | ৭৬.৫ |
| ১৯৯৫-১৯৯৬ | ৫১৯.২ | ১৪৬ | ৮৪৬ | ৪৭.৩ | ১০.২ | ৭৯.৩ |

সূত্রঃ * খাদ্য ও কৃষি সংস্থা (জাতিসংঘ), বিবিএস, Summary Crop Statistics

পাট, কেনাফ ও অন্যান্য আঁশ ফসলের মোট উৎপাদন

| উৎপাদন (০০০ টন ) (১ টন = ১০০০ কেজি) | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| **বছর** | **বাংলাদেশ** | **চীন** | **ইন্ডিয়া** | **মায়ানমার** | **নেপাল** | **থাইল্যান্ড** |
| ২০১২-২০১৩* | ১৪৫২.০৪ | ৪৫ | ১৯১২ | ২.৬ | ১৪.৪২ | ২.২ |
| ২০১১-২০১২* | ১৫২৩.৩২ | ৪৩.৫ | ১৯৬০.৩৮ | ২.৫ | ১৪.৪২ | ২.১ |
| ২০১০-২০১১* | ১৫২৩.২৮ | ৪০ | ১৭৪৩ | ৩.০৮ | ২০.৯৭ | ২.০৩ |
| ২০০৯-২০১০* | ৯২৩.৪৭ | ৮০ | ১৬২০ | ৮ | ১৭ | ১.৮ |
| ২০০৮-২০০৯ | ৯১৩ | ৮০ | ১৪৭৬ | ১২.৯ | ১৭ | ২.৯ |
| ২০০৭-২০০৮ | ৯৯০ | ৮৬ | ১৭৮২ | ১৯.১ | ১৬.৮ | ২.২ |
| ২০০৬-২০০৭ | ৯৯০ | ৮৬.৮ | ১৮০০ | ৪৩.৬ | ১৭.১ | ৩.৬ |
| ২০০৫-২০০৬ | ৯৬৫ | ৮২.৮ | ১৫৩০ | ৩৬.৯ | ১৭.৭ | ৪.৬ |
| ২০০৪-২০০৫ | ৮১০ | ৮৬.৯ | ১৩৫০ | ৩৩.৬ | ১৬.৯ | ৩৫.৭ |
| ২০০৩-২০০৪ | ৯৬৩ | ৯৯.৮ | ১৬২০ | ৪২ | ১৭ | ৪১.৩ |
| ২০০২-২০০৩ | ৭৯৩.৪ | ১৩০ | ১৯৮০ | ৪১.৯ | ১৭ | ৪৬.৪ |
| ২০০১-২০০২ | ৯২৪.৭ | ১৩৬ | ১৮৯০ | ৫০.৮ | ১৬.৪ | ২৯.৫ |
| ২০০০-২০০১ | ৮১৪.৭ | ১২৫.৯ | ১৬২০ | ২৭.৮ | ১৫.২ | ২৯.৭ |
| ১৯৯৯-২০০০ | ৭৩১.৫ | ১৬৪ | ১৪০৪ | ২৬.৫ | ১৫.৭ | ২৯.৭ |
| ১৯৯৮-১৯৯৯ | ৮৫১.৯ | ২৪৮ | ১৪৯১.৭ | ৩৩.৫ | ১৫.৫ | ৪৭.২ |
| ১৯৯৭-১৯৯৮ | ১২৪২.৭ | ৪২৯.৫ | ১৯৬৪ | ৩৩.১ | ১৫.৫ | ১০৬.৪ |
| ১৯৯৬-১৯৯৭ | ১০৬২.২ | ৩৬৪.৯ | ১৮৩৬ | ৩৯.৫ | ১৪ | ১০৯.৩ |
| ১৯৯৫-১৯৯৬ | ৬৫২.৭ | ৩৭১.২ | ১৪৫৮ | ৪৩ | ১৪.৯ | ১১৪.৯ |

সূত্রঃ *খাদ্য ও কৃষি সংস্থা (জাতিসংঘ), বিবিএস, Summary Crop Statistics

## পাট, কেনাফ ও অন্যান্য আঁশ ফসলের হেক্টর প্রতি উৎপাদনের হার

| টন/হেক্টর ( ১ হেক্টর = ২.৪৭১ একর ) | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| **বছর** | **বাংলাদেশ** | চীন | **ইন্ডিয়া** | **মায়ানমার** | **নেপাল** | **থাইল্যান্ড** |
| ২০১২-২০১৩* | ১.৯১ | ৩.২২ | ২.৩৯ | ০.৯৭ | ১.৩৭ | ১.৫৫ |
| ২০১১-২০১২* | ১.৭২ | ৩.২৩ | ২.৪৫ | ৯.৫ | ১.৩৭ | ১.৫৫ |
| ২০১০-২০১১* | ১.৯৩ | ৩.০৭ | ২.২০ | ০.৬১ | ১.৬১ | ১.৯৫ |
| ২০০৯-২০১০* | ২.০০ | ২.৬৭ | ২.০৯ | ০.৯ | ১.৪৭ | ১.২ |
| ২০০৮-২০০৯ | ২.২৮ | ২.৬৭ | ১.৮৮ | ০.৯ | ১.৪৭ | ১.৯৩ |
| ২০০৭-২০০৮ | ১.৯৮ | ২.৬৩ | ১.৮৭ | ০.৪ | ১.৪৩ | ১.৭৯ |
| ২০০৬-২০০৭ | ১.৯৮ | ২.৮ | ১.৯৩ | ০.৮৫ | ১.৪৩ | ১.৫৫ |
| ২০০৫-২০০৬ | ২.০৭ | ২.৬৬ | ১.৬৪ | ০.৯ | ১.৪৫ | ১.৫১ |
| ২০০৪-২০০৫ | ১.৯৪ | ২.৭২ | ১.৪৭ | ০.৯৫ | ১.৪৩ | ২.১৬ |
| ২০০৩-২০০৪ | ১.৯৩ | ২.৪৩ | ১.৬২ | ০.৯৫ | ১.৪৩ | ২.০৩ |
| ২০০২-২০০৩ | ১.৮২ | ২.৭৭ | ২.০১ | ০.৭১ | ১.৪৫ | ১.৫১ |
| ২০০১-২০০২ | ১.৭৮ | ২.৬২ | ১.৯২ | ০.৯৫ | ১.৪৫ | ১.৫৪ |
| ২০০০-২০০১ | ১.৮২ | ২.৫২ | ১.৮৬ | ০.৯ | ১.০৫ | ১.৫৪ |
| ১৯৯৯-২০০০ | ১.৭৬ | ২.৪৯ | ১.৮৭ | ০.৮ | ১.৩৪ | ১.৫ |
| ১৯৯৮-১৯৯৯ | ১.৭৮ | ২.৬৮ | ১.৭৭ | ০.৯ | ১.২৬ | ১.৫৪ |
| ১৯৯৭-১৯৯৮ | ১.৯২ | ২.৬৫ | ১.৭৬ | ০.৯৭ | ১.৪১ | ১.৬ |
| ১৯৯৬-১৯৯৭ | ১.৯৪ | ২.৪৮ | ১.৮১ | ০.৯১ | ১.২৬ | ১.৪৩ |
| ১৯৯৫-১৯৯৬ | ১.২৬ | ২.৫৪ | ১.৭২ | ০.৯১ | ১.৪৭ | ১.৪৫ |

সূত্রঃ * খাদ্য ও কৃষি সংস্থা (জাতিসংঘ), বিবিএস, Summary Crop Statistics

**পাটের বাজারজাতকরণ শ্রেণী**- পাট আঁশ বিক্রয়ের জন্য আঁশের মান উত্তম থেকে খারাপের মান অনুসারে শ্রেণীবিন্যাস করা হয়েছে তা হলো- এ বটম, বি-বটম, সি-বটম, এস বটম ও কাটিং বা গড়ছাট।

